

এরে ভিখারি সাজায়ে কী রঙ্গ তুমি করিলে,
হাসিতে আকাশ ভরিলে ॥

পথে পথে ফেরে, দ্বারে দ্বারে যায়, বুলি ভরি রাখে যাহা-কিছু পায়—
কতবার তুমি পথে এসে, হায়, ভিক্ষার ধন হরিলে ॥
ভেবেছিল চির-কাঙাল সে এই ডুবনে, কাঙাল মরণে জীবনে ।
ওগো মহারাজা, বড়ো ভয়ে ভয়ে দিনশেষে এল তোমারি আলয়ে—
আধেক আসনে তারে ডেকে লয়ে নিজ মালা দিয়ে বরিলে ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Pilu-Barwan

Visit www.geetabitan.com for notation and other detail